

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 11-12-2025

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন বা এস আই আর প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম জমা দেওয়ার আজই শেষ দিন।
- ২) আদালতে স্বাক্ষ্য দিতে যাওয়ার সময় গাড়ির ধাক্কায় সাক্ষী ভোলানাথ ঘোষের ছেলে ও গাড়ি চালকের মৃত্যুর ঘটনায় আজ অভিযোগ দায়ের হয়েছে, এখনও পর্যন্ত এই ঘটনায় কেউ গ্রেফতার হয়নি।
- ৩) অনিকেত মাহাতোর পোস্টিং সংক্রান্ত আদালত অবমাননার মামলার নিষ্পত্তি আজও হয়নি।
- ৪) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শ্রী শ্রী মা-সারদার ১৭৩-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে।
- ৫) বিশ্বের অন্যতম বৃহৎ বাদাবদ রক্ষায় আজ পালিত হচ্ছে সুন্দরবন দিবস।
- ৬) উত্তরের বাতাসে ভর করে রাজ্যজুড়ে আজ শীতের পারদ আবার নেমেছে।

00000000000000000000

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন বা এস আই আর প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম জমা দেওয়ার আজই শেষ দিন। এই শেষ পর্বে এসে নির্বাচন কমিশন আজ বিএলও অ্যাপে রি-ভেরিফাই লজিক্যাল ডিসক্রিপ্শন নামে একাদশ তম নতুন অপসান যোগ করেছে। এরফলে যাদের দেওয়া তথ্যে কিছু গরমিল বা সন্দেহ রয়েছে তাদের তথ্য পুনরায় যাচাই করা যাবে। তবে, আজকের মধ্যে তা করতে হবে বলে কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে।

এদিকে, এস আই আর-এর অধীনে জোরকদমে চলছে ভোটার তালিকা ঝাড়াই-বাঢ়াই-এর কাজ। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিযোগ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে বহিকৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাজাহানের বিরুদ্ধে সাক্ষ্য দিতে যাওয়ার সময় ট্রাকের ধাক্কায় মামলার সাক্ষী ভোলানাথ ঘোষের ছেলে ও গাড়ি চালকের মৃত্যুর ঘটনায় আজ রাজবাড়ি আউটপোস্টে অভিযোগ দায়ের হয়েছে। বসিরহাট কোর্টের আইনজীবীকে সঙ্গে নিয়ে আজ শেখ শাজাহান, ট্রাক চালক আলিম মোল্লা সহ একাধিক ব্যক্তির বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন ভোলানাথ। এই ঘটনায় তাকেই খুনের চক্রান্ত করা হয়েছিল বলে সাংবাদিকদের কাছে দাবি করেন তিনি।

(বাইট – ভোলানাথ)

এদিকে, ভোলানাথের ছেটো ছেলে সত্যজিৎ ঘোষ ও গাড়ি চালাক সাহানুর মোল্লার আজ এস এস কে এম হাসপাতালে ময়না তদন্তে করা হচ্ছে। এই ঘটনায় এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি। শাজাহানের ঘনিষ্ঠ ট্রাক চালক আলিমের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। ফরেঙ্গিক দল আজ ফের ঘটনাস্থল পরিদর্শন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসানসোল দক্ষিণের বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হেনস্থার অভিযোগ করেছেন। গতসন্ধ্যায় রানীগঞ্জের তিরাট এলাকায় বিধায়ক অগ্নিমিত্রা পাল 'পাড়ায় পাড়ায় দিদিভাই' কর্মসূচীতে গেলে তৃণমূল কংগ্রেসের পদ্ধতিয়েত সদস্য সুবীর বন্দ্যোপাধ্যায় এবং তার অনুগামীরা বিধায়কের গাড়ী আটকে তাঁকে হেনস্থা করে বলে অভিযোগ। বিধায়কের সঙ্গে তাদের বচসা হয়। দীর্ঘক্ষণ বিধায়কের গাড়ি ঘেরাও থাকায় উত্তেজনাকর পরিস্থিতির সূষ্টি হয়।

অগ্নিমিত্রা জানান, দিন কয়েক আগে তিনি অবৈধ বালি চুরি বন্ধ করতে প্রতিবাদ করেন। তার জেরেই এই হেনস্থার সম্মুখীন হতে হয়েছে তাঁকে।

ঘটনার প্রতিবাদে গতরাতে আসানসোলের কালীপাহাড়ী মোড় অবরোধ করে বিক্ষেপ দেখায় বিজেপি কর্মীসমর্থকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ সম্পত্তির ডিজিটাল পঞ্জিকরণে রাজ্যে নজির গড়েছে নদিয়া ও মুর্শিদাবাদ জেলা। কেন্দ্রীয় সরকারের 'উমিদ' পোর্টালে তথ্য আপলোডের ক্ষেত্রে এই দুই জেলা সবচেয়ে এগিয়ে রয়েছে বলে জানিয়েছে রাজ্য ওয়াকফ বোর্ড। বোর্ডের চেয়ারম্যান শহীদুল্লাহ মুস্লি জানান, নির্দিষ্ট সময়সীমার অনেক আগেই নদিয়া ও মুর্শিদাবাদে কাজ কার্যত চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গিয়েছে, যা রাজ্যের অন্য জেলাগুলির কাছেও উদাহরণ হয়ে উঠেছে।

এদিকে 'উমিদ' পোর্টাল নিয়ে বিভাগীয় কাটাতে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছে রাজ্য সরকার। নবান্নের তরফে জানানো হয়েছে, শুধু পোর্টালে তথ্য আপলোড করলেই ওয়াকফ সম্পত্তি কেন্দ্রের দখলে চলে যাবে—এই ধারণা সম্পূর্ণ ভুল। পশ্চিমবঙ্গে প্রায় আট হাজার ওয়াকফ এস্টেটের অধীনে প্রায় ৮২ হাজার ওয়াকফ সম্পত্তি রয়েছে। এই

সমস্ত সম্পত্তির তথ্য আগেই কেন্দ্রীয় সরকারের পুরনো পোর্টাল 'ওয়ামসি'-তে নথিভুক্ত ছিল। আগে রাজ্য ওয়াকফ বোর্ড ওই পোর্টালে তথ্য আপলোড করত, আর নতুন 'উমিদ' পোর্টালে সেই তথ্য মুতওয়ালিদের ব্যক্তিগতভাবে আপলোড করতে হচ্ছে, যা পরে যাচাই করে অনুমোদন দেবে বোর্ড।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুশ্রিদাবাদে ওয়াকফ আন্দোলন চলাকালীন হিংসায় ধূত জেলবন্দীরা প্রকৃত অর্থে নিরাপরাধ হলে রাজ্য সরকার তাদের মুক্ত করতে সবরকম চেষ্টা চালাবে বলে রঘুনাথগঞ্জের বিধায়ক আকরণজ্ঞামান জানিয়েছেন।

সম্পত্তি এনিয়ে জঙ্গীপুর পুলিশ সুপারের সঙ্গে সাংসদ ও বিধায়করা বৈঠক করেন।

উল্লেখ্য, গত এপ্রিল মাসে ওই হিংসায় পুলিশ ৭৪৫ জনকে গ্রেপ্তার করেছিল। সাত মাস ধরে তারা জেলে বন্দী'ই রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অনিকেত মাহাতোর পোস্টং সংক্রান্ত আদালত অবমাননার মামলার নিষ্পত্তি হল না আজও। তবে বিচারপতি বিশ্বজিৎ বসু আগামী সোমবার ফের এই মামলার শুনানি করবেন বলে জানিয়েছেন।

এদিন রাজ্যের পক্ষ থেকে জানানো হয় কলকাতা হাইকোর্টের নির্দেশের বিরুদ্ধে রাজ্য সুপ্রিমকোর্টে যে আবেদন করেছিল সেই আবেদনে রাজ্যকে দু'সপ্তাহের মধ্যে অনিকেত মাহাতোকে কাজে যোগদান করাতে নির্দেশ দিয়েছে আদালত।

কিন্তু অনিকেত মাহাতোর পক্ষে সওয়াল কারী আইনজীবীর দাবি রাজ্যের আপিল খারিজ করে দিয়েছে শীর্ষ আদালত।

অন্য কোন নির্দেশ দেয়নি। বিচারপতি বিশ্বজিৎ বসু রাজ্যকে নির্দেশ দিয়েছেন আগামী সোমবার সুপ্রিমকোর্টের নির্দেশের কপি আনতে। কপি দেখার পর আদালত অবমাননার মামলায় নির্দেশ দেবেন তিনি।

উল্লেখ্য এর আগে প্রথমে বিচারপতি বিশ্বজিৎ বসুর একক বেঞ্চ ও পরে বিচারপতি তপৰত চক্ৰবৰ্তী ও বিচারপতি ঋতুৰত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ অনিকেত মাহাতোকে আৱ জি কৰ হাসপাতালেই পোস্টং দিতে নিৰ্দেশ দেয়। কিন্তু সেই নিৰ্দেশেৰ বিৱুদ্ধে সুপ্ৰিমকোটেৱ দ্বাৰা স্থ হয়েছিল রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আৱ জি কৰ আন্দোলনেৰ অন্যতম মুখ অনিকেত মাহাতোৱ পোস্টং মামলায় কলকাতা হাইকোটেৱ নিৰ্দেশ বহাল রাখলো শীৰ্ষ আদালত। বিচারপতি জে কে মহেশ্বৰী এবং বিচারপতি বিজয় বিষণ্ণী-এৱে বেঞ্চ হাইকোটেৱ নিৰ্দেশেৰ ওপৰ কোন রকম হস্তক্ষেপ কৰতে অস্বীকাৰ কৰে জানিয়েছে, জুনিয়াৰ ডাঙ্গাৰ অনিকেতকে আৱ জি কৰ হাসপাতালেই পোস্টং দিতে হবে। অ্যানাথেসিয়া বিভাগেই কাজ কৰবেন তিনি। ২ সপ্তাহেৰ মধ্যে ওই নিৰ্দেশ কাৰ্য্যকৰ কৰাৱ জন্য রাজ্য সরকারকে নিৰ্দেশ দিয়েছে বেঞ্চ।

উল্লেখ্য, নিৰ্দিষ্ট এসওপি না মেনেই অনিকেতকে রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে বদলি কৰা হয়েছে বলে দাবি জানিয়ে কলকাতা হাইকোটে মামলা দায়েৱ হয়। গত সেপ্টেম্বৰে বিচারপতি বিশ্বজিৎ বসু সেই নিৰ্দেশ খারিজ কৰে দিলে রাজ্য ডিভিশন বেঞ্চ ঘায়। সেখানেও কোন ইতিবাচক জবাব না মেলায় সুপ্ৰিম কোটে আবেদন জানায় রাজ্য। সেই আবেদনেৰ শুনানিতে শীৰ্ষ আদালত হাইকোটেৱ নিৰ্দেশকে মান্যতা দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জেলা সফৱে গিয়ে মুখ্যমন্ত্ৰী মমতা ব্যানার্জী আজ নদীয়াৰ কৃষ্ণনগৱে এক সরকাৰী অনুষ্ঠান মধ্য থেকে একাধিক উন্নয়নমূলক প্ৰকল্পেৰ উদ্বোধন ও শিলান্যাস কৰেছেন। এৱে মধ্যে রয়েছে, পথশ্ৰী ও রাস্তাশ্ৰী প্ৰকল্পেৰ আওতায় ২০ হাজাৰ কিলোমিটাৱেৰ বেশি নতুন রাস্তা নিৰ্মাণ প্ৰকল্প। সত্তা মধ্য থেকে মুখ্যমন্ত্ৰী ফেৱ একবাৱ কেন্দ্ৰীয় সরকাৱেৰ বিৱুদ্ধে বৰ্থনাৰ অভিযোগে সৱব হন।

00000000000000000000

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শ্রীশ্রী মা সারদার ১৭৩-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। উত্তর কলকাতার বাগবাজারে সারদা মাঘের বাড়িতে সকালে মঙ্গলারতি, বিশেষ পূজাপাট, হোম, বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে জন্মতিথি উদযাপনের সূচনা হয়।

মা সারদার জন্মভিটে বাঁকুড়ার জয়রামবাটি মাতৃমন্দিরে এই উপলক্ষ্যে মানুষের ঢল নেমেছে। সকাল থেকেই মঙ্গলারতি, বেদ মন্ত্রপাঠ সহ নানান আয়োজনে মাকে প্রণাম জানাতে হাজির ভক্তরা। এই উপলক্ষ্যে দিনভর সারদা মাঘের মন্দিরে নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিশেষ পুজো, ঘজ্ঞ, আরতি, ভক্তিমূলক গান, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান রয়েছে। শুরু হয়েছে সারদা মেলা।

এছাড়াও, বেলুড় মঠ, কামারপুকুর রামকৃষ্ণ মঠ ও মিশনের সব কেন্দ্রে, দক্ষিণেশ্বরে সারদা মঠেও দিনটি যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সারদা মাঘের প্রতি শন্দা নিবেদন করেছেন।

00000000000000000000

নানা অনুষ্ঠানে আজ সুন্দরবন দিবস উদ্যাপন করা হচ্ছে। বিশ্বের অন্যতম বৃহৎ এই বাদাবন রক্ষা ও সংরক্ষণের অঙ্গীকারে প্রতি বছর ১১ ডিসেম্বর দিনটি পালন করা হয়। উদ্দেশ্য হল- ইউনেসকো স্বীকৃত এই বিশ্ব ঐতিহ্যবাহী ম্যানগ্রোভ অরণ্যের জীববৈচিত্র্য রক্ষায় সচেতনতা বৃদ্ধি।

‘সুন্দরবন দিবস’ উপলক্ষে মূল অনুষ্ঠানটি হবে সাগরে। উপস্থিত থাকবেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বক্ষিমচন্দ্র হাজরা।

এছাড়াও উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা মিলিয়ে মোট ১৯টি ব্লক সুন্দরবনের অন্তর্ভুক্ত। সেগুলির প্রতিটিতেই নানা কর্মসূচির মাধ্যমে সুন্দরবন রক্ষায় পরিবেশবান্ধব উদ্যোগ, বনসুরক্ষা, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় নানা বার্তা তুলে ধরা হবে।

এছাড়াও রয়েছে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং শিশু-কিশোরদের জন্য বিভিন্ন প্রতিযোগিতা। পাশাপাশি স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠনগুলি পরিবেশ সচেতনতা বাড়াতে বিশেষ প্রচার চালাবে।

00000000000000000000

সুন্দরবনের প্রত্যন্ত এলাকার সঙ্গে যোগাযোগের উন্নয়নে রাজ্য সরকার গত ১৪ বছরে দুই ২৪ পরগনার সুন্দরবনের উনিশটি ব্লকে ৩ হাজার ৫০৬ কিলোমিটার ইটের রাস্তা ছাড়াও ২ হাজার ৩২৪ কিলোমিটার ঢালাই রাস্তা ও ৫৮০ কিলোমিটার পিচের রাস্তা তৈরি করেছে। আজ সুন্দরবন দিবস উপলক্ষে সুন্দরবন বিষয়ক দণ্ডের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, প্রাকৃতিক ভারসাম্য ও জীবমন্ডল সংরক্ষণে ৮ হাজার ৫১৫ হেক্টের জমিতে ম্যানগ্রোভ এবং ঝাউ বন তৈরি করা হয়েছে। সিদ্ধান্ত নেওয়া হয়েছে আসন্ন গঙ্গাসাগর মেলা উপলক্ষে সাগরদ্বীপের পরিকাঠামো আরও বাড়ানো হবে।

00000000000000000000

উচ্চমাধ্যমিকের চতুর্থ সেমিস্টারে পরীক্ষার্থীদের ১০ মিনিট অতিরিক্ত সময় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। প্রশ্ন পড়ার জন্য এই বাড়তি সময় পাবেন পরীক্ষার্থীরা। আগামী বছর ১২ ই ফেব্রুয়ারি চতুর্থ সেমিস্টারের শুরু হবে। সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত পরীক্ষা চলবে। তবে, প্রশ্নপত্র দেওয়া হবে সকাল ৯ টা ৫০ মিনিটে। কিন্তু পরীক্ষার্থীদের উত্তরপত্র দেওয়া হবে দশটাতেই।

উল্লেখ্য, উচ্চ মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারে সময়াভাবের অভিযোগ করেছিলেন পরীক্ষার্থীদের একটা বড় অংশ।

চতুর্থ সেমিস্টারের পরীক্ষা চলবে ২৭শে ফেব্রুয়ারি পর্যন্ত। সংসদ জানিয়েছে, শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অনলাইনে অ্যাডমিট কার্ড ডাউনলোড করে পরীক্ষার্থীদের দিতে হবে। তৃতীয় সেমিস্টারের সাপ্লাইমেন্টারি পরীক্ষা ও পুরনো পদ্ধতির উচ্চ মাধ্যমিক পরীক্ষাও ১২ই ফেব্রুয়ারি থেকেই শুরু হবে।

00000000000000000000

প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম তাঁর প্রতি শন্দা নিবেদন করেছেন। আজ রাষ্ট্রপতি ভবনে তাঁর প্রতিকৃতিতে পুস্প স্তবক দিয়ে তিনি তাঁকে শন্দা জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে তার প্রতি শন্দা নিবেদন করেছেন। প্রধানমন্ত্রী একটি সোশ্যাল মিডিয়া পোস্টে প্রণব মুখোপাধ্যায়কে একজন রাষ্ট্রনায়ক হিসেবে অভিহিত করেছেন এবং তার পাঞ্জিতের জন্য প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী বলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় দীর্ঘ সময় ধরে জনজীবনে সক্রিয় থেকে দেশের সেবা করেছেন। তার প্রজ্ঞা এবং চিন্তা ভাবনা দেশের গণতন্ত্রকে সমৃদ্ধ করেছে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও প্রাক্তন রাষ্ট্রপতির জন্মজয়ন্তীতে তার প্রতি শন্দা জানিয়ে বলেছেন, তার সংবিধান বিষয়ে অভিজ্ঞতা এবং জনজীবনে অসাধারণ অবদান অনুপ্রেরণা যোগাবে। কংগ্রেসের পক্ষ থেকেও প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শন্দা নিবেদন করেছেন। এবং লোকসভায় কংগ্রেসের নেতা মলিকার্জুন খাড়গে এক বিবৃতিতে বলেছেন, জাতি গঠনে প্রাক্তন রাষ্ট্রপতির অবদান স্মরণীয় হয়ে থাকবে। ১৯৩৫ সালের ১১ই ডিসেম্বর প্রণব মুখোপাধ্যায় জন্মগ্রহণ করেন। দেশের অয়োদশ রাষ্ট্রপতি হিসেবে এবং তিনি কেন্দ্রীয় মন্ত্রিসভার বহু গুরুত্বপূর্ণ পদে তিনি কাজ করেছেন। সমাজ জীবনে তার অসাধারণ কাজের স্বীকৃতিতে তাকে ভারতরত্ন সম্মানে ভূষিত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরে বাতাসের গতিবেগ পুনরায় বেড়ে যাওয়ায় আজ রাজ্য জুড়ে তাপমাত্রার পারদ আবার কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক ৪ ডিগ্রি কম। দক্ষিণবঙ্গের শ্রীনিকেতনে সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে তিনি দশমিক ছয় ডিগ্রি কম। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা ১১ থেকে ১৩ ডিগ্রির মধ্যে ঘোরাফেরা করছে।

উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে আলিপুরদুয়ারে ১০ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম।

এছাড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সকালে তাপমাত্রা রেকর্ড করা হয় ৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

আগামী এক সপ্তাহে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০